উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## জানুয়ারি/২০২২ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ০৮ জানুয়ারি, ২০২২ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত মাননীয় সংসদ সদস্য মহোদয়, নব- নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে এবং অন্যান্য সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে ডিসেম্বর/২১ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার বিভাগওয়ারী আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:<br>(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উদ্বৃত্ত বাবদ মোট ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা এবং ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে প্রাপ্য ২৩,৭৮,০০০ (তেইশ লক্ষ আটাত্তর হাজার) টাকার চার কিস্তিতে সম্ভাব্য ৯৫,১২,০০০ (পচানব্বই লক্ষ বার হাজার ) টাকা সহ সর্বমোট ৪,৩১,২৩,১৮৫ (চার কোটি একত্রিশ লক্ষ তেইশ হাজার একশত পঁচাশি) টাকা দ্বারা ১৫টি ইউনিয়ন পরিষদ থেকে দৃশ্যমান ও জনগুরুত্বপূর্ণ রাস্তার প্রকল্প ২০ জানুয়ারি/২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে জমা দেওয়ার জন্য পুনরায় অনুরোধ জানান। | (ক) ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্তের ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা ও ২০২১-২২ অর্থ বছরের স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে সম্ভাব্য প্রাপ্য ৯৫,১২,০০০ (পঁচানব্বই লক্ষ বার হাজার) টাকা সহ সর্বমোট ৪,৩১,২৩,১৮৫ (চার কোটি একত্রিশ লক্ষ তেইশ হাজার একশত পঁচাশি) টাকা দ্বারা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্তে আগামী ২০ জানুয়ারি/২২ তারিখের মধ্যে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| (খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো অবহিত করেন যে, উপজেলা পরিষদ এর অডিটরিয়াম আধুনিকায়নের প্রয়োজনে নিম্নোক্ত প্রকল্পগুলো (১) উপজেলা পরিষদ এর অডিটরিয়ামে এয়ার কন্ডিশনিং সিস্টেম স্থাপন (২) উপজেলা পরিষদ হলরুমের জন্য সিলিং, এ্যালুমিনিয়াম ফিক্সড গ্লাস ও সিলিং, লাইটিং স্থাপন এবং উপজেলা চেয়ারম্যান এর অফিস কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় কল্পে ২০২১-২২ অর্থ বছরের এডিপি বাসাবাড়ী ও অফিস রক্ষণাবেক্ষন খাত থেকে বিশেষ বরাদ্দ পাওয়া সাপেক্ষে উক্ত প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ প্রস্তাব প্রেরণের বিষয়টি উত্তাপণ করেন। | (খ) বিস্তারিত আলোচনান্তে (১) উপজেলা পরিষদের অডিটরিয়াম এর এয়ার কন্ডিশনিং সিস্টেম স্থাপন বাবদ- ৮,৩৬,৫২৫ টাকা (২) উপজেলা পরিষদ হলরুমের জন্য সিলিং স্থাপন ,এ্যালুমিনিয়াম ফিক্সড গ্লাস ও সিলিং লাইটিং স্থাপন এবং উপজেলা চেয়ারম্যান এর অফিস কক্ষের জন্য আসবাবপত্র ক্রয় বাবদ -৯,৯৮,৪৯৩ টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণ ও ২০২১-২২ অর্থ বছরের এডিপি বাসাবাড়ী ও অফিস রক্ষণাবেক্ষন খাত থেকে বিশেষ বরাদ্দ পাওয়ার জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও পরিষদ সভার রেজুলেশন স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | | |
|---|---|---|
| ২। স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ০৮ জানুয়ারি ২০২২ খ্রি. পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভাইরাসের মোট নমুনা সংগ্রহ করা হয়েছে মোট ১৮,৪৫৩ টি তন্মধ্যে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ২,৭৪৫ জন। ছাড়প্রাপ্ত রোগীর সংখ্যা ২,৭০১ জন। বর্তমানে আইসোলেশনে আছে ০৭ জন এবং এ যাবৎ করোনা আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছেন ৩৭ জন। গত ২৪ ঘন্টায় নতুন রোগী শনাক্ত- ০০ জন। এবং গত ২৪ ঘন্টায় সুস্থ -০০ জন। এছাড়া ০৮ ডিসেম্বর ২০২১ খ্রিঃ পর্যন্ত করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণ করেছেন ৩,৭০,৮১৪ জন এবং ২য় ডোজের টিকা গ্রহণ করেছেন ২,৫৮,৯০৪ জন এবং ৩য় ডোজের টিকা গ্রহণ করেছে ৪,৫৫০ জন। | (ক) বিস্তারিত আলোচনান্তে সরকারের নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি বোরো মৌসুমে ২০২১-২২ অর্থ বছরে প্রায় ৩৪,০০০ হেঃ জমিতে বোরো ধানের রোপন কর্যক্রম চলমান রয়েছে। বর্তমানে মাঠে সরিষা, আলু ও সবজি দন্ডায়মান। সরকার প্রদত্ত সকল কৃষি উপকরণ ও প্রণোদনা সঠিকভাবে কৃষকদের মাঝে বিভাজন করা হয়েছে। কৃষক পর্যায়ে মাঠে সারের কৃত্রিম সংকট যেন না হয় এজন্য গত ০২/০১/২২ খ্রিঃ তারিখে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সারের ডিলার/ব্যবসায়ীদের কঠোর নির্দেশনা ও মনিটরিং জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তা ও উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তা প্রতিনিয়ত কৃষকদের পরামর্শ দিয়ে যাচ্ছেন। সর্বোপরি কৃষি বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। | বোরো মৌসুমের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কৃষি বিভাগের সকল মাঠপর্যায়ের কর্মকর্তাদের স্ব-স্ব দায়িত্ব ও কর্তব্য নিষ্ঠার সাথে পালন সহ কৃষকদের সাথে সর্বদা যোগাযোগ রাখতে হবে। এছাড়া সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে পৌছে দেওয়া সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগঃ<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, রাজস্ব খাতের আওতায় ২টি ব্যাচে মোট ৪০ জন চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম এর আওতায় নভেম্বর/২১ থেকে জুন/২২ পর্যন্ত ০৮ মাস ব্যাপি সারাদেশে জাটকা আহরণ পরিবহন, বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেছে সরকার। এ ব্যাপারে উপজেলায় ডিসেম্বর/২১ মাসে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে মোট -০৫টি। জানুয়ারি/২২ মাসে জাটকা সংরক্ষণ অভিযান পরিচালনা করা হয়েছে-০২টি এবং হাট-বাজার পরিদর্শন করা হয়েছে-১২টি। এছাড়া বাজারে অভিযান, পরিদর্শন, মোবাইল কোর্ট পরিচালনা জোরদার করা হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |

| | | |
|---|---|---|
| ৫। প্রাণি সম্পদ বিভাগ:<br>উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক প্রাণিসম্পদ অধিদপ্তরের সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে। তাছাড়া প্রাণিসম্পদ অধিদপ্তরের চলমান প্রকল্প জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্পের আওতায় সদর উপজেলার দুইজন খামারীর জলাতঙ্ক রোগে আক্রান্ত হয়ে ২টি গাভী মারা যাওয়ায় ক্ষতিপূরণ হিসাবে প্রতি গাভী ৮০,০০০ টাকা করে টাকা পেয়েছেন। প্রাণি সম্পদ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীরা অদূর ভবিষ্যতে আরো অনেক ভাল কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। | প্রাণী সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং বর্ণিত রোগে আক্রান্ত গবাদি পশু নমুনা পরীক্ষা করার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ০৮/০১/২০২২খ্রি: পর্যন্ত মোট সক্ষম দম্পতি- ১,৩৬,৪১৯ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০৩ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -৩২। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -৮৭ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) -৩০০ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এফডব্লিউসি)-২৪ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এমসিডব্লিউসি)-৩৮ জন। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর)- ৮১.৫৫% । এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| ৭। ত্রাণ ও পুর্ণবাসন:<br>(ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের টি.আর/ কাবিখা ও কাবিটার বরাদ্দের অনুকূলে প্রকল্প তালিকা অনুমোদন পাওয়া গেছে। দ্রুত সময়ের মধ্যে টি.আর/কাবিখা ও কাবিটার বরাদ্দ সংক্রান্ত নির্দেশিকা-২০২১ মোতাবেক কাজ বাস্তাবায়ন হবে। দ্রুত সময়ের মধ্যে প্রকল্প কমিটি জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | (ক) ২০২১-২২ অর্থ বছরের টি.আর/কাবিখা ও কাবিটার সরকারি নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| (খ) এছাড়া উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভার আরো বলেন যে, গত নভেম্বর/২১ মাসের উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় জেলা ত্রাণ গুদাম কাম-দূর্যেগ ব্যবস্থাপনা অফিসের জন্য উপজেলা পরিষদের উত্তর পার্শ্বে জনস্বাস্থ্য অফিসের দক্ষিণ পূর্ব সাইড দিয়ে বিকল্প গেইট ও সংযোগ সড়ক নির্মাণের বিষয়ে বিস্তর আলোচনা করা হয়েছিল। উক্ত সংযোগ রাস্তা ও গেইট নির্মাণের যুক্তিযুক্ততা ও পরিষদের অভ্যন্তরীণ নিরাপত্তার বিষয়টি অনুধাবনপূর্বক উপজেলা প্রকৌশলীর মতামত নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়েছে। যেহেতু মার্চ/২২ মধ্যে ভবন এর কাজ সমাপ্ত হবে। সেজন্য ফেব্রুয়ারি/২২ মাসের মধ্যে গেইট ও সংযোগ সড়কের কাজ সমাপ্ত করার জন্য জরুরি নির্দেশনা রয়েছে। | (খ) বিস্তারিত আলোচনান্তে জেলা ত্রাণ গুদাম কাম দূর্যোগ ব্যবস্থাপনা অফিসের জন্য উপজেলা পরিষদের উত্তর পূর্ব পাশ্ব দিয়ে বিকল্প গেইট ও সংযোগ সড়ক নির্মাণের বিষয়ে উপজেলা প্রকৌশলী, সদর, জামালপুর এর লিখিত মতামত গ্রহণ পূর্বক কাজ শুরু করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | (ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর।<br>(খ) উপজেলা প্রকৌশলী এলজিইডি, জামালপুর সদর। |
| ৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, এস.এস.সি/সমমান পরীক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ২০২২ সালের ১লা জানুয়ারি উৎসব মুখর পরিবেশে সকল ছাত্র ছাত্রীদের মাঝে বিনামূল্যে বই বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক মাধ্যমিক স্তরের সকল শিক্ষক ও কর্মচারীদের কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| ৯। শিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, বিদ্যালয় পর্যায়ে ১০০% বই বিতরণ সম্পন্ন হয়েছে। ভর্তি কার্যক্রম চলমান রয়েছে এবং আগামী ২৮/০২/২০২২খ্রিঃ পর্যন্ত ভর্তি কার্যক্রম চলমান থাকবে। নীতিমালা মোতাবেক এসএমসি গঠন চলমান রয়েছে। ক্লাস রুটিন এবং সমন্বিত পাঠ পরিকল্পনা অনুসারে পাঠদান চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | সরকারি নির্দেশনা কঠোরভাবে অনুসরণ পূর্বক শ্রেণী পাঠদান কার্যক্রম চালু রাখা সহ শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| ১০। মহিলা বিষয়ক বিভাগঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| ১১। সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সহকারী সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থবছরের সকল ভাতার ২য় কিস্তির অর্থ পে-রোল দেয়া হয়েছে। ১৪-২১ডিসেম্বর/২১ পর্যন্ত সুদমুক্ত ক্ষদ্র ঋণ জাগরণী সপ্তাহ সফলভাবে পালন করা হয়েছে। এছাড়া ০২ জানুয়ারি/২২ তারিখে জাতীয় সমাজসেবা দিবস সফলভাবে পালন করা হয়েছে। তিনি নব নির্বাচিত সকল ইউপি চেয়ারম্যানগণকে স্বাগত ও শুভেচ্ছা জানান এবং পারস্পরিক সহযোগীতার মাধ্যমে সমাজসেবা কার্যালয়ের বিভিন্ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | অত্র দপ্তরের আওতায় সরকার কর্তৃক সময়ে সময়ে বিভিন্ন সেবা ও সুযোগ সুবিধা সঠিক ভাবে বিভাজন ও বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২। যুব উন্নয়ন বিভাগঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে ০৮/০১/২২খ্রিঃ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ২,৮৫,৬৪,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ১,৩১,২৮৫ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| ১৩। সমবায় বিভাগঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২২০ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৩,৬৬,০০,০০০ (তিন কোটি ছেষট্টি লক্ষ) টাকা। ০৮/১২/২০২১খ্রিঃ পর্যন্ত আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৮৮,০০,০০০ (এক কোটি আটাশি লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার ৮৯%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৮,১৩,০০০ (আটষট্টি লক্ষ তের হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৫৬,৮৫,৮০০ (ছাপ্পান্ন লক্ষ পুচাশি হাজার আট শত) টাকা। চলতি অর্থ বছরে আদায় যোগ্য সরকারি রাজস্ব (অডিট ফি, নিবন্ধন ফি, ভ্যাট ও সিডিএফ) বাবদ ৪৮,০০০ টাকা আদায় করে চালানের মাধ্যমে জমা করা হয়েছে। অগ্রগতির হার ১০০%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| ১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |

| | | |
|---|---|---|
| ১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| ১৬। বন বিভাগঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| ১৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জনাব মো: আশরাফুল আলম সভায় জানান, ইউজিডিপি'র আওতায় (৫ম পর্যায়) বাস্তবায়নের জন্য ১০ (দশ) লক্ষ টাকার সক্ষমতা উন্নয়নের ০৭টি প্রকল্পের বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হয়েছে। অন্যধিকে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার অবকাঠামো উন্নয়নের ০৩টি প্রকল্প অনুমোদনের জন্য প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় সক্ষমতা উন্নয়ন প্রকল্পগুলো সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় সহযোগীতা করার জন্য অনুরোধ করা হয় | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |
| ১৮। বিএডিসি (সেচ)<br>সহকারী প্রকৌশলী (সওকা), বিএডিসি, জামালপুর জোন, জামালপুর সভায় বলেন যে, ২০২১-২২ অর্থ বছরের আওতায় ময়মনসিংহ বিভাগ ও ঢাকা বিভাগের টাঙ্গাইল ও কিশোরগঞ্জ জেলার ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প এর আওতায় খাল পুনঃখনন ও সংস্কার -০৩ কি.মি, পানি নির্গমন ব্যবস্থা নির্মাণ-০৫টি এবং ০২ কিউসেক গনকূ স্কীমে পাপ্ম হাউজ নির্মাণ -০৬টির কাজ চলমান রয়েছে। এছাড়াও ডিসেম্বর/২১ পর্যন্ত ২৬১টি ব্যক্তি মালিকানাধিন অগভীর নলকূপের লাইসেন্স উপজেলা সেচ কমিটির সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়েছে। স্কীমগুলো চালু/বাস্তবায়ন হলে প্রায় ১০০০ হেক্টর জমিতে সতন্ত্রভাবে সেচ সুবিধা প্রদান করা সহজ হবে। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে কৃষিকাজে ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ মোতাবেক ব্যক্তি মালিকানাধিন অগভীর নলকূপের লাইসেন্স প্রদান ও খাল পুনঃখনন ও সংস্কার কাজ নীতিমালা মোতাবেক বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| ১৮। বিবিধঃ<br>(ক) উপজেলা পরিষদের পাজেরো জীপগাড়ী টায়ার টিউব পরিবর্তন ও মেরামত:<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা পরিষদের গাড়ী চালক মো: রিপন এর গত ০২/০১/২০২২খ্রি: তারিখের আবেদনের প্রেক্ষিতে সভায় বলেন যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় থেকে উপজেলা পরিষদ, জামালপুর সদর এর অনুকূলে বরাদ্দকৃত পাজারো জীপগাড়ী যার চেসিস নং: LWBP0002823, ইঞ্জিন নং: PC6873। গাড়ীটি ২০১০ সালে বিআরটিএ থেকে রেজিস্ট্রেশন করা হয়। যার নম্বর জামালপুর ঘ-১১-০০৩১। বাৎসরিক মেরামত বাবদ বরাদ্দকৃত টাকা থেকে প্রতি বছর ছোট ছোট মেরামত করা হয়। গাড়ীটি ২০০৯ সালে প্রস্তুতকৃত হওয়ায় প্রায় ১২ বৎসর যাবত ব্যবহৃত হচ্ছে। প্রায় সময়ই গাড়ীর বিভিন্ন যন্ত্রাংশ বিকল হয়ে যাওয়ায় চরম দুর্ভোগের পোহাতে হতে হয়। বর্তমানে গাড়ীর টায়ার টিউব ক্রয় সহ বিভিন্ন যন্ত্রাংশ পরিবর্তনের জন্য বিআরটিএ থেকে কারিগরী মতামতের ভিত্তিতে রাজস্ব তহবিল থেকে মেরামতের নিমিত্তে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ ও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে, বিষয়টি গুরুতুপূর্ণ বিধায় গাড়ীটি মেরামতের নিমিত্তে সহকারী পরিচালক, বিআরটিএ, জামালপুর এর তদন্ত প্রতিবেদনসহ প্রয়োজনীয় কাগজপত্র স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণ ও অনুমোদন পূর্বক রাজস্ব তহবিল থেকে মেরামতের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর। |

<table>
<tr>
<td>
<u>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>
রাজস্ব তহবিলের ০৯ ডিসেম্বর/২০২১ থেকে ০৭ জানুয়ারি/২২ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৪,০০০</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>২৩,১০০</td></tr>
<tr><td>পরিষদের আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>৩৭,৮৮০</td></tr>
<tr><td>পরিষদের আনুষঙ্গিক/অফিস স্টেশনারী</td><td>৪,৯১০</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>অপ্রতাশিত খাত</td><td>৪০,০০০</td></tr>
<tr><td>অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত</td><td>৫৮,৯২৫</td></tr>
<tr><td>ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত</td><td>৬৩,৭০০</td></tr>
<tr><td>বাসাবাড়ী মেরামত ও অফিস মেরামত</td><td>৮৮,৪৬৯</td></tr>
<tr><td>বজ্র ব্যবস্থাপনা</td><td>২৫,০০০</td></tr>
<tr><td>উপচে মাচ/২১ থেকে অক্টোবর/২১ পর্যন্ত ভ্রমণ ভাতা</td><td>৬৪,৩৭৫</td></tr>
<tr><td>পরিষদের ভাইস চেয়ারম্যানের মে/২১ থেকে নভেম্বর/২১ পর্যন্ত ভ্রমণ ভাতা</td><td>৫০,৫০০</td></tr>
<tr><td>পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানের মে/২১ থেকে নভেম্বর/২১ পর্যন্ত ভ্রমণ ভাতা</td><td>৫০,৫০০</td></tr>
<tr><td>পরিষদের জীপগাড়ী মেরামত</td><td>১৬,১৩০</td></tr>
<tr><td>ইউনিয়ন পরিষদের দফাদার ও মহল্লাদারদের সেপ্টেম্বর/২১ থেকে ডিসেম্বর/২১ পর্যন্ত বেতন।</td><td>১৮,৪৭,০০০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২৪,৫৬,৬৯২</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ০৯ ডিসেম্বর /২০২১ থেকে ০৭ জানুয়ারি/২২ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২৪,৫৬,৬৯২ (চব্বিশ লক্ষ ছাপ্পান্ন হাজার ছয়শত বাষট্টি) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

এ পর্যায়ে মাননীয় সংসদ সদস্য (১৪২, জামালপুর-৫) জনাব আলহাজ্ব ইঞ্জিনিয়ার মো: মোজাফফর হোসেন নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণের উদ্দেশ্য বলেন, জামালপুর সদর উপজেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষে সকলকে আন্তরিকভাবে কাজ করতে উদাত্ত আহবান জানান। এছাড়া, উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের বিষয়ে অগ্রাধিকার প্রদান করে প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান। করোনা ভাইরাস নিয়ন্ত্রণে মাস্ক ব্যবহার নিশ্চিকতকরণ এছাড়া সামাজিক দূরত্ব মেনে চলাসহ সরকারি সকল নির্দেশনা মেনে চলার পরামর্শ দেন। পাশাপাশি সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে সতর্কতা থাকার পরামর্শ দেন। তিনি সরকারি বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার করে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতার ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি নতুন নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে আন্তরিকতা ও দক্ষতার সাথে কাজ করে জামালপুর সদর উপজেলাকে একটি মডেল উপজেলা হিসাবে গড়ে তোলার জন্য সবাইকে এক সাথে কাজ করার পরামর্শ প্রদান করেন।

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২২- ৩২(ক) তারিখ: ০৯ জানুয়ারি, ২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা..........................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ......................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ........................................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

০৯/০১/২২

(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd